

ওরে, তোরা নেই বা কথা বললি,
দাঁড়িয়ে হাটের মধ্যখানে নেই জাগালি পল্লী ॥
মরিস মিথ্যে ব'কে ঝ'কে, দেখে কেবল হাসে লোকে,
নাহয় নিয়ে আপন মনের আগুন মনে মনেই জ্বললি ॥
অন্তরে তোর আছে কী যে নেই রটালি নিজে নিজে,
নাহয় বাদ্যগুলো বন্ধ রেখে চুপেচাপেই চললি ॥
কাজ থাকে তো কর্ গে না কাজ, লাজ থাকে তো ঘুচা গে লাজ,
ওরে, কে যে তোরে কী বলেছে নেই বা তাতে টললি ॥

Parjaay: Swadesh, Taal: Ektaal, Style: Baul

Visit www.geetabitan.com for notation and other detail